

মত পার্থক্যেই ভারসাম্য

তোমার সাথে আমার মত পার্থক্য থাকতেই পারে –

ব্যক্তিমাত্রই স্বতন্ত্র চিন্তার অধিকার রাখেন,

তাই তোমার সাথে মত পার্থক্য থাকাই স্বাভাবিক।

তোমার সাথে এক মত না হতে পারি, কিন্তু

সম্মান করি তোমার স্বতন্ত্র চিন্তা ধারাকে,

ভিন্ন মত থাকলেই সংশয়ের উর্দে উঠে

সত্যকে প্রতিষ্ঠিত করতে পারি অনায়াসে।

তাই তোমার সাথে মত পার্থক্য থাকলেও

আমরা শত্রু নই পরস্পরের–

দু'হাতের মতো আমরা বিস্তৃত হবো সপক্ষে বিপক্ষে

মত পার্থক্যেই রক্ষা করবো মানবতার ভারসাম্য।

ঢাকা : ১৯.১২.২০০৬

মুহম্মদ আবদুস সালাম